দৈনিক ইত্তেফাক
তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ...
NOV. 10 2002

# বেসরকারি শিক্ষা-প্রতিষ্ঠানপ্রধানের বদলি প্রসঙ্গে

শিক্ষার মান উন্নত করার বিভিন্ন পদক্ষেপের অংশ হিসেবে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধানদের বদলির ব্যবস্থা জরুরিভিত্তিতে করা উচিত। দেশের প্রায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান একই প্রতিষ্ঠানে তিরিশ থেকে চল্লিশ বছর পর্যন্ত চাকরি করে থাকেন। দীর্ঘকালীন চাকরির স্থায়িত্ব, ক্ষমতা, স্বজনপ্রীতি ইত্যাদির জন্য ম্যানেজিং কমিটি অনুকূলে রাখার চেষ্টা চালান। এভাবে প্রতিষ্ঠানপ্রধানের সঙ্গে সহকারী শিক্ষকদের মধ্যে ঝগড়াঝাটি লেগেই থাকে। ফলে প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম ব্যাহত হয়। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিজ স্বার্থের কারণে বৃহত্তর স্বার্থ নষ্ট হয়। তাই প্রতিষ্ঠান প্রধানের বদলি করার ব্যবস্থা চালু থাকলে কেউ একই প্রতিষ্ঠানে আধিপত্য বিস্তার করতে পারবে না। এতে করে শিক্ষার মান উন্নত হবে। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

অধ্যাপক মো: নূরুন নবী,
গাজী দরগাহ সিনিয়র মাদ্রাসা,
ঝিকরগাছা, যশোর।